# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 07.06.2024 Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবর –**

১) ভোট পরবর্তী হিংসা রুখতে রাজ্য সরকারকে কড়া বার্তা দিয়েছে কলকাতা হাইকোর্ট।

২) আক্রান্ত দলী কর্মীদের সঙ্গে দেখা করতে উত্তর ২৪ পরগনার মীনাখাঁ-য় গিয়ে গতকাল বিক্ষোভের মুখে পড়েন বিজেপি-র রাজ্য সভাপতি।

৩) সরকার গড়া নিয়ে দিল্লিতে এন ডি এ শরিকদের তৎপরতার মধ্যেই পরবর্তী রণকৌশল স্থির করতে ব্যস্ত বিরোধী ইন্ডি জোটের নেতারা।

৪) ভোটের জন্য থেমে থাকা প্রশাসনিক কাজে গতি আনতে ১২-ই জুন বৈঠকে বসছে মুখ্যমন্ত্রী।

৫) শিয়ালদা স্টেশনের ১ থেকে ৫ নম্বর প্ল্যাটফর্ম সংস্কারের কাজের জন্য রবিবার পর্যন্ত বন্ধ রাখা হয়েছে। এরফলে শিয়ালদা মেন ও উত্তর শাখায় ট্রেন চলাচলা নিয়ন্ত্রণ করা হচ্ছে।

oooooooooooooooooooooo

ভোট পরবর্তী হিংসার ঘটনা রুখতে রাজ্য সরকারকে কড়া বার্তা দিয়েছে কলকাতা হাইকোর্ট। আইনজীবীদের একটি সংগঠনের দায়ের করা জনস্বার্থ মামলার শুনানিতে গতকাল বিচারপতি কৌশিক চন্দ এবং

বিচারপতি অপূর্ব সিনহা রায়ের অবকাশকালীন ডিভিশন বেঞ্চ নির্দেশ দেন, ভোট পরবর্তী হিংসা আটকাতে কেন্দ্র এবং রাজ্যকে যৌথ ভাবে কাজ করতে হবে। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ ব্যর্থ হলে কেন্দ্রীয় বাহিনীও হস্তক্ষেপ করতে পারবে। দরকার হলে পাঁচ বছর কেন্দ্রীয় বাহিনী রাখার নির্দেশ দেওয়া হবে। কেউ ভোট পরবর্তী হিংসায় আক্রান্ত হওয়ার অভিযোগ করলে পুলিশকে এফ আই আর নিতে হবে বলেও কড়া নির্দেশ আদালতের। প্রয়োজনে ইমেলের মাধ্যমে অভিযোগ নিতে হবে রাজ্য পুলিশের ডিজিকে। অভিযোগের গুরুত্ব বুঝে সংশ্লিষ্ট থানায় তা পাঠাবেন ডিজি। থানাকে তার ভিত্তিতে এফআইআর দায়ের করতে হবে। হিংসা সংক্রান্ত কতগুলি এফআইআর হয়েছে, রাজ্য পুলিশের ওয়েবসাইটে তা জানাতে হবে বলেও বেঞ্চ নির্দেশ দিয়েছেন। যদিও ভোট পরবর্তী হিংসার অভিযোগ অস্বীকার করেছে রাজ্য সরকার।

উল্লেখ্য, আদালতের নির্দেশেই ২০২১ এর বিধানসভা নির্বাচন পরবর্তী হিংসার তদন্ত করছে সিবিআই।

oooooooooooooooooooooo

লোকসভা ভোটের ফল ঘোষণা হতে না হতেই রাজ্যের বিভিন্ন জায়গায় শুরু হয়েছে রাজনৈতিক অশান্তি। উত্তর ২৪ পরগনার মিনাখাঁ-র বামনপুকুর এলাকায় আক্রান্ত দলীয় কর্মীদের সঙ্গে দেখা করতে গিয়ে বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার গতকাল বিক্ষোভের মুখে পড়েন। তৃণমূল কংগ্রেস কর্মীরা তাঁর গাড়ি ঘিরে গো-ব্যাক ও জয় বাংলা শ্লোগান দিতে থাকলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ এবং কেন্দ্রীয় বাহিনী। তাদের তৎপরতায় সেখান থেকে বেরিয়ে এসে শ্রী মজুমদার সাংবাদিকদের বলেন, কেন্দ্রীয় বাহিনী এবং পুলিশের সাহায্য ছাড়া বিরোধীদের  রাজনীতি করার অধিকার থাকবে না, এই পরিস্থিতি দেশের অন্য কোথাও নেই।

(বাইট – সুকান্ত)

এদিকে, হামলা ও হুমকির জেরে বিজেপি কর্মী সমর্থকদের অনেকেই মধ্য কলকাতার একটি গেস্ট হাউসে আশ্রয় নিয়েছেন। দলের তরফে তাদের থাকার বন্দোবস্ত করা হয়েছে। এদের মধ্যে রয়েছেন নারকেলডাঙা থানা এলাকার বেশ কয়েকজন। তাদের অভিযোগ শাসক দলের লোকজন বাড়ি লক্ষ্য করে বোমা ও ইট ছুঁড়ছে, চলছে ভাঙচুর, প্রাণের ভয়ে ঘর ছাড়া হয়েছেন তারা। গতকাল ওই গেস্ট হাউসে গিয়ে তাদের সঙ্গে দেখা করেন সুকান্ত মজুমদার। তিনি বলেন, বিজেপি বেশিদিন চুপ করে বসে থাকবে না, মারের বদলে পাল্টা মার হবে।

oooooooooooooooooooo

অন্যদিকে তৃণমূল কংগ্রেস দাবি করেছে, নিজেদের সাংগঠনিক ব্যর্থতা ঢাকতেই তাদের বিরুদ্ধে এধরনের অভিযোগ বিজেপি-র। দলের নেতা কুনাল ঘোষ গতকাল সাংবাদিকদের বলেন, এইসব অভিযোগের কোনো সারবত্তা নেই।

oooooooooooooooooooo

নরেন্দ্র মোদীর নেতৃত্বে টানা তৃতীয়বার সরকার গড়া নিয়ে দিল্লিতে এন ডি এ শরিকদের তোড়জোড়ের মধ্যেই বিরোধী আই এন ডি আই এ জোটের নেতারা পরবর্তী রণকৌশল স্থির করতে তৎপর। তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী গতকাল সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদবের সঙ্গে বৈঠক করার পর মুম্বাই গিয়ে উদ্ধব ঠাকরের সঙ্গে দীর্ঘ আলোচনা করেন। উপস্থিত ছিলেন শিব সেনা উদ্ধব গোষ্ঠীর তরুণ নেতা আদিত্য ঠাকরে এবং তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ, তথা জাতীয় মুখপাত্র ডেরেক ও’ব্রায়নও । এর আগে দিল্লিতে

অভিষেকের বাসভবনে গিয়ে তাঁর সঙ্গে কথা বলেন আম-আদমি-পার্টি-র দুই নেতা সঞ্জয় সিং ও রাঘব চাড্ঢা।

কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খার্গের বাড়িতে আই এন ডি আই এ নেতাদের বৈঠকের পর অভিষেকের আলাদাভাবে জোট শরিকদের সঙ্গে বৈঠক করা নিয়ে শুরু হয়েছে জল্পনা।

০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচনি আচরণবিধি উঠে যাওয়ার পর প্রশাসনিক কাজে গতি আনতে ১২ ই জুন বৈঠকে বসছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। সব দপ্তরের সচিব ও আধিকারিক এবং জেলাশাসক ও পুলিশ সুপারদের নিয়ে বৈঠক করবেন তিনি। গতকাল নবান্নে মুখ্যসচিব বি পি গোপালিকা এবং স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তীর সঙ্গে মুখ্যমন্ত্রী দীর্ঘ আলোচনা করেন। প্রায় আড়াই মাস ধরে নির্বাচনী প্রক্রিয়া চলায় বহু কাজ আটকে রয়েছে। উন্নয়ন প্রক্রিয়া থমকে আছে। কীভাবে তা আবার শুরু করা যায় তা নিয়েই বৈঠক করবেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন পর্ব শেষ হতেই ঘূর্ণিঝড় রেমালে ক্ষতিগ্রস্তদের আর্থিক সাহায্য ও বিমার টাকা দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। এ মাসের মধ্যেই টাকা মিটিয়ে দেওয়ার ব্যাপারে বিশেষ উদ্যোগ নিচ্ছে রাজ্য সরকার।

অন্যদিকে কেন্দ্রীয় বিমা নিয়ন্ত্রক সংস্থার পক্ষ থেকেও এই ব্যাপারে রাজ্য সরকারের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। শস্য হানি সহ অন্য খাতে ক্ষতিগ্রস্তরা যাতে দ্রুত বিমার টাকা পান, সেজন্যও রাজ্য সরকারকে বেশকিছু ব্যবস্থা নিতে বলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা ভোট মিটতেই রাজ্য সরকার, পূর্ব ঘোষণা মত কেন্দ্রের আবাস প্রকল্পে বঞ্চিতদের বাড়ি তৈরীর প্রক্রিয়া শুরু করতে চলেছে। এজন্য

তৈরি করা হয়েছে, গৃহশ্রী নামে একটি বিশেষ পোর্টাল। খুব শীঘ্রই মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ওই পোর্টালের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

oooooooooooooooooooo

শিয়ালদা স্টেশনের ১ থেকে ৫ নম্বর প্ল্যাটফর্মে সংস্কারের কাজ চলায় গত মধ্য রাত থেকে শিয়ালদা মেন এবং উত্তর শাখায় ট্রেন চলাচলা নিয়ন্ত্রণ করা হচ্ছে। রবিবার দুপুর ২-টো পর্যন্ত বন্ধ থাকবে এই পাঁচটি প্ল্যাটফর্ম। আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট – অভিরূপ)

oooooooooooooooooooo

আলিপুরদুয়ারের বাবুপাড়ায় শ্লীলতাহানির অভিযোগে এক বি এস এফ জওয়নাকে পুলিশ গ্রেফতার করেছে। স্থানীয় সূত্রে জানা গেছে, দোকানে কেনাকাটা করার সময় এক মহিলার শ্লীলতাহানি করেন ওই জওয়ান। মহিলার অভিযোগের ভিত্তিতে তাকে গ্রেফতার করা হয়।

oooooooooooooooooooo

সোস্যাল মিডিয়ার জন্য রিলস্ বানাতে গিয়ে তিনটি বাইকের রেষারেষিতে দুর্ঘটনায় গুরুতর জখম হয়েছে দুই যুবক। পুরুলিয়ার বলরামপুর থানার বেড়মা এলাকায় ৩২ নম্বর জাতীয় সড়কের ওপর গতরাতে এই দুর্ঘটনা ঘটে। তিনটি বাইকে থাকা যুবকরা ভিডিও শ্যুট করার সময় নিয়ন্ত্রণ হারিয়ে অটোরিক্সায় ধাক্কা মারে একটি বাইক। গুরুতর জখম দুই যুবককে প্রথমে বাঁশগড় হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর দেবেন মাহাতো সরকারী মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়।

oooooooooooooooooooo

দক্ষিণবঙ্গে বর্ষা আসতে এখনও দেরি আছে। ঘর্মাক্ত গরমে হাঁসফাঁস করছে মানুষ।  তবে, স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘ থেকে বিভিন্ন জায়গায় বৃষ্টি হচ্ছে। গতকাল বিকেলে বিধাননগরে বৃষ্টির সময় পূর্ব বেড়াবেড়িতে বাজ পড়ে দুই নাবালকের মৃত্যু হয়েছে। আহত হয়েছে আরও তিনজন। মাঠে খেলার সময় এই বিপত্তি ঘটে। আহতদের আরজিকর হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০

দেশের জার্সি গায়ে শেষ আন্তর্জাতিক ম্যাচে জয়ের স্বপ্ন অপূর্ণই রয়ে গেল ভারতীয় ফুটবলের মহাতারকা সুনীল ছেত্রীর। সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গণে গতরাতে কুয়েতের বিরূদ্ধে ভারতের বিশ্বকাপ ফুটবলের যোগ্যতা অর্জন পর্বের ম্যাচটি গোলশূন্যভাবে শেষ হয়। ম্যাচ ড্র হওয়ায় ভারতের তৃতীয় রাউন্ডে ওঠা কঠিন হয়ে গেল।

খেলার শেষে সতীর্থ ফুটবলাররা গার্ড অফ অনার দেওয়ার সময়ে সুনীল চোখের জল ধরে রাখতে পারেনি।  দর্শকরা উঠে দাঁড়িয়ে সুনীলকে অভিনন্দন জানান। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পক্ষ থেকে ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস সুনীলের হাতে স্মারক  তুলে দেন। সর্ব ভারতীয় ফুটবল ফেডারেশন, আইএফএ, মোহনবাগান, ইস্টবেঙ্গল, মহামেডান স্পোর্টিং, এর  পক্ষ থেকে স্মারক প্রদান করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০